দৈনিক ইত্তেফাক

তারিখ FEB. 1 8 1999
পৃষ্ঠা ২৮ কলাম 2

122



শহীদ ডঃ শামসুজ্জোহা

# আজ মহান শিক্ষক দিবস

রাজশাহী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ আজ বৃহস্পতিবার শিক্ষক দিবস। ১৯৬৯ সালের এই দিন গণঅভ্যুত্থান চলাকালে

(১৫শ পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## শিক্ষক দিবস

(শেষ পৃষ্ঠার পর)

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের রীডার (সহযোগী অধ্যাপক) ও তৎকালীন প্রক্টর ডঃ শামসুজ্জোহা দায়িত্ব পালনরত অবস্থায় পাক বাহিনীর গুলীতে শহীদ হন।

শিক্ষক দিবস পালন উপলক্ষে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ, শহীদ শামসুজ্জোহা হল, রসায়ন বিভাগ, শিক্ষক সমিতি, অফিসার সমিতি, বিশ্ববিদ্যালয় প্রেসক্লাব প্রভৃতি ব্যাপক কর্মসূচী গ্রহণ করিয়াছে। ইহার মধ্যে রহিয়াছে কালো পতাকা উত্তোলন, ডঃ জোহার কবরে পুষ্পমাল্য অর্পণ, কোরানখানি, মিলাদ মাহফিল, বিশেষ মোনাজাত, রক্তদান, স্মারক বক্তৃতা, আলোচনা সভা প্রভৃতি।

"বাংলাদেশে সকলের প্রয়োজনমত পুষ্টি উপাদানসমূহ গ্রহণের সমস্যা" শীর্ষক স্মারক বক্তৃতার উপস্থাপক প্রফেসর মুশাররফ হোসেন।

এ উপলক্ষে আজ বৃহস্পতিবার বিকাল ৫টায় নীলক্ষেতস্থ পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী মিলনায়তনে এক স্মরণসভার আয়োজন করা হইয়াছে।